দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 16 NOV 1988
পৃষ্ঠা 7 কলাম 1



## অধিভুক্ত বিভিন্ন কলেজের ছাত্রছাত্রীদের বিশ্ববিদ্যালয়ে ভর্তির দাবীতে আমরণ অনশন শুরু

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বিভিন্ন কলেজ থেকে ১৯৮৫ সালের অনার্স পরীক্ষায় উত্তীর্ণ একদল ছাত্রছাত্রী বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগে স্নাতকোত্তর শ্রেণীতে ভর্তির দাবীতে আমরণ অনশন শুরু করেছে।

গতকাল মঙ্গলবার উপাচার্যের অফিসের সামনে এই অনশন শুরু হয়। অনশনস্থলে অনুষ্ঠিত এক সভায় বক্তৃতাকালে ভর্তি সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ বলেন, তাদের দাবী পূরণ না হওয়া পর্যন্ত অনশন চলবে। আশরাফ আলী, আনোয়ার হোসেন, মোঃ শাহীন প্রমুখ সভায় বক্তৃতা করেন।